গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৫৮.২০২৩- ৮২

তারিখ: ১৮ মাঘ ১৪৩২
০১ ফেব্রুয়ারি ২০২৬

## দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রভাষক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ঢাকা উদ্যান সরকারি কলেজ, ঢাকা-এর বিরুদ্ধে আদি প্রকাশনী, বাড়ি#৩১৫/এ, রোড#১৫ (পুরাতন), ৮/এ(নতুন) পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৯ কর্তৃক প্রকাশিত জনাব আমিনুল বর চৌধুরী (অবসরপ্রাপ্ত অতিরিক্ত সচিব) এবং জনাব মো: এমদাদুল হক (অবসরপ্রাপ্ত সিনিয়র লাইব্রেরিয়ান) কর্তৃক লিখিত "নিরীক্ষা ও হিসাব (দ্বিতীয়পত্র)" বইটি হুবহু কপি (নকল) করার অভিযোগ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং উক্ত মামলায় আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০২। যেহেতু, আপনি উক্ত বিভাগীয় মামলায় গত ২১/১১/২০২৩ খ্রি. তারিখে শুনানিতে অংশগ্রহণ করেন এবং শুনানিতে আপনার বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী জনাব মো: ওয়াহিদুজ্জামান, উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়; এবং

০৪। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

০৫। সেহেতু, আপনি জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রভাষক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা সংযুক্ত: ঢাকা উদ্যান সরকারি কলেজ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী কেন আপনাকে বিধি ৪(৩)(১) অনুযায়ী যেকোন একটি গুরুদন্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

সংযুক্ত: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৭ (সাত) ফর্দ।

০১/০২/২০২৬
(রেহানা পারভীন)
সচিব

**বর্তমান কর্মস্থল:**
জনাব মো: আব্দুর রাজ্জাক, প্রভাষক (হিসাববিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
সংযুক্ত: ঢাকা উদ্যান সরকারি কলেজ, ঢাকা।

**স্থায়ী ঠিকানা:**
জনাব মো: আব্দুর রাজ্জাক
পিতা: মো: হযরত আলী
গ্রাম: গোকুল নগর পশ্চিমপাড়া, ডাকঘর-খিদিরপুর
উপজেলা-আটঘরিয়া, জেলা-পাবনা।

**অনুলিপি:**
১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. অধ্যক্ষ, ঢাকা উদ্যান সরকারি কলেজ, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অফিস কপি।

০১/০২/২৬
(মো: আশরাফুল ইসলাম)
উপসচিব